



# সম্প্রসারণ বার্তা



মাসিক সম্প্রসারণ বার্তা রেজি: নং ডিএ-৪৬২ □ ৪৬তম বর্ষ □ পঞ্চম সংখ্যা □ ভাদ্র-১৪২৯, আগস্ট-সেপ্টেম্বর ২০২২ □ পৃষ্ঠা ৮

দেশে সারের কোন সংকট নাই :  
মহাপরিচালক, ডিএই ...

২

যে কোন মূল্যে দেশে গম ও  
ভুট্টার উৎপাদন বাড়াতে...

৩

বরিশালে চলমান আমন ফসল  
বিষয়ক কৃষি কর্মকর্তাদের...

৫

ভাসমান কৃষির আধুনিক  
প্রযুক্তিবিষয়ক ...

৬

## সরকার চেষ্টা করছে একটি মানুষও যাতে খাদ্যের কষ্ট না করে : মাননীয় কৃষিমন্ত্রী

দেশের একটি মানুষও যাতে খাদ্যের কষ্ট না করে, সে লক্ষ্যেই প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার নিরলস কাজ করে যাচ্ছে বলে মন্তব্য করেছেন মাননীয় কৃষিমন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি। তিনি বলেন, আন্তর্জাতিক সংকটের কারণে দ্রব্যের দাম কিছুটা বেশি হওয়ায় সীমিত আয়ের মানুষের কষ্ট হচ্ছে। এ কষ্ট লাঘবের জন্য সরকার গরিব ও সীমিত আয়ের মানুষের পাশে দাঁড়িয়েছে। টিসিবির মাধ্যমে এক কোটি পরিবারকে কমমূল্যে নিত্যপ্রয়োজনীয় পণ্য দেয়া হচ্ছে, ৫০ লাখ পরিবারকে এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩



বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল মিলনায়তনে সেমিনারের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন মাননীয় মন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি, কৃষি মন্ত্রণালয়

## বঙ্গবন্ধু সবসময় বাংলাদেশের মানুষের অর্থনৈতিক মুক্তির স্বপ্ন দেখেছেন -মাননীয় কৃষিমন্ত্রী



যশোরের পিটিআই অডিটোরিয়ামে বি আয়োজিত কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন মাননীয় মন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি, কৃষি মন্ত্রণালয়

মাননীয় কৃষিমন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য বীর মুক্তিযোদ্ধা ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধু কৃষক, শ্রমিক দরদি ছিলেন,

গণমানুষের সত্যিকারের বন্ধু ছিলেন। তিনি সবসময় বাংলাদেশের মানুষের অর্থনৈতিক মুক্তির স্বপ্ন দেখেছেন। বাংলাদেশ হলো, গ্রামীণ বাংলাদেশ। তিনি সবসময় এরপর পৃষ্ঠা ৪ কলাম ৩

## আন্তর্জাতিক মানের গবেষণাগারের পাশাপাশি দক্ষ কর্মীবাহিনী গড়ে তুলতে কাজ চলছে-কৃষিসচিব



প্রশিক্ষণে সম্মানিত কৃষিসচিব মোঃ সায়েদুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করছেন

কৃষিপণ্যের আমদানি-রপ্তানির ক্ষেত্রে রোগজীবাণু পরীক্ষা ও সার্টিফিকেশনের (উদ্ভিদ সংগনিরোধ) কাজে নিয়োজিত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদেরকে দক্ষতা বৃদ্ধির জন্য ৫

দিনব্যাপী সাধারণ খাদ্য সুরক্ষা ও ল্যাবরেটরি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর আয়োজিত এ প্রশিক্ষণটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের এরপর পৃষ্ঠা ২ কলাম ১



কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি সদর দপ্তরে কৃষিবিদ কে জে এম আব্দুল আউয়াল পরিচালক (ভারপ্রাপ্ত) পদে যোগদান করায় ফুল দিয়ে উষ্ণ শুভেচ্ছা জানান অত্র অফিসের কর্মকর্তাবৃন্দ (১৪ সেপ্টেম্বর ২০২২) প্রেস বিজ্ঞপ্তি, কৃতসা, ঢাকা

## ফেনীর সোনাগাজীতে শস্যকর্তন ও মাঠ দিবস অনুষ্ঠিত

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট আউশ মৌসুমে ব্রি ধান৮২, ব্রি ধান৮৫, ব্রি ধান৯৮ এর শস্যকর্তন ও মাঠ দিবস ৩০ আগস্ট ২০২২ চরদরবেশ, সোনাগাজী, ফেনীতে অনুষ্ঠিত হয়েছে। উক্ত অনুষ্ঠানে ডঃ

কৃষি কর্মকর্তা, সোনাগাজী, ফেনী। ব্রি আঞ্চলিক কার্যালয় সোনাগাজীর অর্থায়নে ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সোনাগাজীর সহযোগিতায় উক্ত শস্য কর্তন ও মাঠ দিবস অনুষ্ঠিত হয়। ব্রি ধান৯৮ শতকরা



শস্যকর্তন ও মাঠ দিবস অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ মোঃ একরাম উদ্দিন, উপপরিচালক, ডিএই, ফেনী

বিশ্বজিৎ কর্মকার পিএসও, ব্রি সোনাগাজীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কৃষিবিদ মোঃ একরাম উদ্দিন, উপপরিচালক, ডিএই, ফেনী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাজ্জাদ হোসেন মজুমদার উপজেলা

১৪ ভাগ আর্দ্রতায় ৮টন/হে: ফলন পাওয়া যায়। উক্ত অনুষ্ঠানে ফেনী জেলার কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও বাংলাদেশ ধান গবেষণার বিভিন্ন স্তরের কর্মকর্তাসহ কৃষক ও এলাকার গণ্যমান্য ব্যক্তি, মিডিয়া প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

সৌরভ বড়ুয়া  
কৃতসা, চট্টগ্রাম

## আন্তর্জাতিক মানের গবেষণাগারের পাশাপাশি দক্ষ কর্মীবাহিনী গড়ে তুলতে কাজ চলছে-কৃষি সচিব

প্রথম পাতার পর

সেন্টার ফর অ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস (সিএআরএস) প্রদান করা হয়েছে। ১ সেপ্টেম্বর ২২ বৃহস্পতিবার

প্রশিক্ষণের সমাপনী দিনে কৃষিসচিব মোঃ সায়েদুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণার্থীদের

## দেশে সারের কোন সংকট নাই : মহাপরিচালক, ডিএই



মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ জনাব মোঃ বেনজির আলম, মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর বগুড়া দু-এক জায়গায় কৃত্রিম সংকট এর অঞ্চলের আয়োজনে জেলার পর্যটন খবর পাওয়া যাচ্ছে। সরকার কর্পোরেশন সম্মেলন কক্ষে কৃষি নির্ধারিত মূল্যের অধিক দামে সার সম্প্রসারণ অধিদপ্তর বগুড়া অঞ্চলের বিক্রয় করা যাবে না এবং পরিস্থিতি কর্মকর্তা, বিসিআইসি সার ডিলার, যাতে অবনতি না হয় এজন্য কৃষি মন্ত্রণালয়ে সার পরিস্থিতি “মনিটরিং প্রতিনিধিগণের সাথে মতবিনিময় সেল” স্থাপন করা হয়েছে। সভা ০৩ সেপ্টেম্বর ২০২২ অনুষ্ঠিত হয়।

সুখম সার প্রয়োগ করতে হবে উল্লেখ করে প্রধান অতিথি বলেন সুখম সার সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ জনাব মোঃ বেনজির আলম, মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি ঢাকা এবং সভাপতিত্ব করেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বগুড়া অঞ্চলের সম্মানিত অতিরিক্ত পরিচালক কৃষিবিদ মোঃ ইউসুফ রানা মন্ডল।

প্রধান অতিথি বলেন, সাড়া দেশে সারের কৃত্রিম সংকট ও কারসাজি রোধে দেশে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা ও জরিমানা করা হচ্ছে, প্রয়োজনে জড়িত সার ডিলারদের লাইসেন্স বাতিল করা হবে। তিনি আরো বলেন, দেশে সারের কোন সংকট বা সমস্যা নাই। তারপরও

মাঝে সনদপত্র বিতরণ করেন। এসময় তিনি বলেন, কৃষিপণ্যের রপ্তানি বৃদ্ধির জন্য আমরা উদ্ভিদ সংগনিরোধ ল্যাবরেটরিগুলোকে আন্তর্জাতিকমানে উন্নীত করতে কাজ করছি। পাশাপাশি দক্ষ কর্মীবাহিনী গড়ে তুলতেও কাজ চলছে। আমদানি-রপ্তানিকারক দেশের খাদ্য সুরক্ষার জন্য আজকের প্রশিক্ষণটি খুবই সহায়ক হবে।

অনুষ্ঠানে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক মোঃ বেনজির আলম, সিএআরএসের পরিচালক অধ্যাপক এমএ মালেক, উদ্ভিদ সংগনিরোধ উইংয়ের পরিচালক সৈয়দ রফিকুল আমিন, উদ্ভিদ সংগনিরোধ ল্যাবরেটরিকে আন্তর্জাতিক মানসম্পন্ন ল্যাবরেটরিতে উন্নীতকরণ প্রকল্পের পরিচালক জগৎ মালাকার প্রমুখ উপস্থিত ছিলেন।

কৃষিবিদ মোঃ আব্দুল্লাহ-হিল-কাফি  
কৃতসা, রাজশাহী

প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়

## এলাকাভিত্তিক খাদ্যাভ্যাস অনুযায়ী পুষ্টি কার্যক্রম

বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান), আঞ্চলিক কার্যালয়, সুনামগঞ্জ এর আয়োজনে “প্রাকৃতিক দুর্যোগে পুষ্টি নিরাপত্তায় করণীয়: বারটান এর ভাবনা” শীর্ষক সেমিনার ২৯ আগস্ট ২০২২ বিভাগীয় কমিশনার কার্যালয়, সিলেট এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে মো: আব্দুল ওয়াদুদ, নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব), বারটানের

শ্রেণীর জনগণ একে অপরের সঙ্গে সহযোগিতার মনোভাব নিয়ে কাজ করতে হবে। সেমিনারে মূলপ্রবন্ধ উপস্থাপন করেন ড. ওয়াহিদ উজ্জামান, অধ্যাপক, ফুড ইঞ্জিনিয়ারিং এন্ড টি টেকনোলজি বিভাগ, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ মো: মোশাররফ হোসেন খান, অতিরিক্ত পরিচালক, কৃষি



সিলেটে বিভাগীয় কমিশনার কার্যালয়ের সম্মেলন কক্ষে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মুহাম্মদ মোশাররফ হোসেন, বিভাগীয় কমিশনার (অতিরিক্ত সচিব), সিলেট

সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মুহাম্মদ মোশাররফ হোসেন, বিভাগীয় কমিশনার (অতিরিক্ত সচিব), সিলেট। প্রধান অতিথির বক্তব্যে বলেন সুস্থ-সবল থাকার জন্য পুষ্টিকর ও নিরাপদ খাবার গ্রহণ খুবই গুরুত্বপূর্ণ। সরকারি, বেসরকারি বহু প্রতিষ্ঠান পুষ্টি নিয়ে কাজ করছে, এলাকাভিত্তিক খাদ্যাভ্যাস অনুযায়ী পুষ্টি কার্যক্রম হাতে নিতে হবে। প্রাকৃতিক দুর্যোগে পুষ্টি সচেতনতা সৃষ্টি ও সবাই যেন পুষ্টিকর খাবার গ্রহণ করে সে জন্য সুশীলসমাজ, সরকার, উন্নয়ন সহযোগী ও সব

সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট অঞ্চল, সিলেট এবং ড. মো: হায়দার হোসেন, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, আকবরপুর, মৌলভীবাজার। অনুষ্ঠান শুরুতে সুধীজনদের শুভেচ্ছা জানিয়ে স্বাগত বক্তব্য রাখেন ড. মো: আবদুর রাজ্জাক, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বারটান, সুনামগঞ্জ। এ ছাড়াও সেমিনারে কৃষি মন্ত্রণালয়ের অধীনে সিলেট অঞ্চলের ডিএই, ব্রি, বারি, বিএডিসি, এআইএস, বিনা ও এসআরডিআই এর কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।

মো. জুলফিকার আলী, কৃতসা, সিলেট



## যে কোন মূল্যে দেশে গম ও ভুট্টার উৎপাদন বাড়াতে হবে : কৃষি সচিব



কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্যরত সম্মানিত সচিব মোঃ সায়েদুল ইসলাম, কৃষি মন্ত্রণালয়

কৃষি মন্ত্রণালয়ের সম্মানিত সচিব মোঃ সায়েদুল ইসলাম বলেন যে কোন মূল্যে দেশে গম ও ভুট্টার উৎপাদন বাড়াতে হবে। এজন্য তিনি গবেষণার প্রতিটি ক্ষেত্রে আধুনিক প্রযুক্তি ব্যবহারের উপর গুরুত্ব আরোপ করেন। উচ্চফলনশীল জাত উদ্ভাবন ও অপ্রচলিত এলাকায় গম ও ভুট্টার সম্প্রসারণের জন্য নানা কর্মসূচি গ্রহণ করার তাগিদ দেন। ১৩ আগস্ট ২০২২ বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউটের বার্ষিক গবেষণা পর্যালোচনা ও কর্মসূচি প্রণয়ন কর্মশালা ২০২২ এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।

অনুষ্ঠানের সভাপতি অত্র প্রতিষ্ঠানের মহাপরিচালক ডঃ গোলাম ফারুক বক্তব্যে বলেন, দেশে ভুট্টার প্রজনন বীজ উৎপাদনে আইসোলেশন দূরত্ব বজায় রাখার জন্য অনেক জমির প্রয়োজন। বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট সংলগ্ন সুগার মিলের জমি হতে অন্তত ২০০ একর জমি পাওয়া গেলে বীজ উৎপাদনে জমির অভাব কিছুটা দূর করা সম্ভব হবে বলে আশা প্রকাশ করেন।

দিনব্যাপী এ কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে আরো বক্তব্য রাখেন ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী

চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, মোঃ ওয়াদুদ, নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, মোঃ বেনজির আলম, মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ড: দেবাশীষ সরকার, মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, ড: মির্জা মোফাজ্জল ইসলাম, মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু গবেষণা ইনস্টিটিউট, ড: টিমোথি জে ড্রুপনিক, কাশ্রি রিপ্রেজেন্টেটিভ, সিমিট, বাংলাদেশ।

উল্লেখ্য, কর্মশালায় গত এক বছরে (২০২১-২২) অর্থবছরে সম্পাদিত গবেষণা কার্যক্রমের ফলাফল উপস্থাপন করা হয়। কর্মশালাটি আগামী ১৭ আগস্ট পর্যন্ত হয়। বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউটের বিভিন্ন বিভাগের বিজ্ঞানী গম ও ভুট্টার উপর দেশের বিশেষজ্ঞ গবেষকদের উপস্থিতিতে গবেষণা ফলাফল উপস্থাপন করেন। কর্মশালায় গম ও ভুট্টার উচ্চফলনশীল জাত উদ্ভাবন এবং এ সকল জাত কৃষকের মাঠে হস্তান্তরের প্রয়োজনীয় গবেষণা ফলাফলের ভিত্তিতে আগামী বছরের গবেষণা কর্মসূচি চূড়ান্ত করা হয়।

শেখ জিয়াউর রহমান, কৃতসা, রংপুর



## রংপুরে মজুদকৃত সার সরকারের নির্ধারিত দামে বিক্রির আস্থান-মহাপরিচালক, ডিএই

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক কৃষিবিদ মোঃ বেনজির আলম বলেন দেশে পর্যাপ্ত পরিমাণ সার মজুদ আছে। মজুদকৃত সার সরকারের নির্ধারিত দামে বিক্রির আস্থান করেন। কেউ যদি সরকারের ভাবমূর্তি নষ্ট করার জন্য সরকারের নির্ধারিত মূল্যের চেয়ে বেশি মূল্যে সার বিক্রি এবং কৃত্রিম সংকট তৈরি

অধিদপ্তর, রংপুর অঞ্চল, রংপুরের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ মোহাম্মদ শাহ আলমের সভাপতিত্বে প্রধান অতিথি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক কৃষিবিদ মোঃ বেনজির আলম এর উপস্থিতিতে মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন ডিএই রংপুর অঞ্চলের সকল পর্যায়ের কর্মকর্তা,



মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ মোঃ বেনজির আলম মহাপরিচালক, ডিএই

করে কৃষিজ উৎপাদন ব্যাহত করার চেষ্টা করে তাহলে তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। মাঠ পর্যায়ের কর্মকর্তাদের কৃষকের পাশে থেকে কাজ করার পরামর্শ প্রদান করেন। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর অঞ্চল, রংপুর এর আয়োজনে ০২ সেপ্টেম্বর ২০২২ ব্র্যাক লার্নিং সেন্টারের কনফারেন্স রুমে রাসায়নিক সারের বর্তমান মজুদ পরিস্থিতি এবং সারের বিতরণ ব্যবস্থার উন্নয়ন নিয়ে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব বলেন।

উক্ত অনুষ্ঠানে কৃষি সম্প্রসারণ

বিএফএ এর জেলা সভাপতি, সাধারণ সম্পাদক, বিসিআইসি সার ডিলার, বিএডিসি সার ডিলার ও খুচরা বিক্রেতাগণ। প্রধান অতিথি এর আগে তিনি রংপুর সদর ও তারাগঞ্জ উপজেলায় রোপা আমনের বর্তমান অবস্থা ও উৎপাদন বৃদ্ধি, সার ডিলার ও খুচরা সার বিক্রেতাদের সম্প্রসারণ ব্যবস্থাপনা ও উৎপাদন বৃদ্ধি প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেন এসময় উপস্থিত ছিলেন উক্ত প্রকল্পের প্রকল্প পরিচালক কৃষিবিদ ড. ফারুক আহমদ

কৃষিবিদ মোঃ শাহাদত হোসেন, কৃতসা, রংপুর

## শ্রীনগর উপজেলায় কৃষকদের মাঝে কৃষি উপকরণ বিতরণ

মুসীগঞ্জের শ্রীনগরে তেলজাতীয় ফসল উৎপাদন বৃদ্ধি প্রকল্পের আওতায় ৭ সেপ্টেম্বর ২০২২ উপজেলা কৃষি অফিস শ্রীনগর, মুসীগঞ্জ কর্তৃক বীরতারা ইউনিয়নে সাতগাঁও ব্লকে কৃষি উপকরণ বিতরণ করা হয়। উপকরণ বিতরণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন

কৃষিবিদ এস এম সোহরাব উদ্দীন, অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা অঞ্চল।

তিনি বক্তব্যে বলেন, পাওয়ার টিলার অপারেটর সিডার দিয়ে বীজ বুনলে কম বীজ লাগে, সহজে আগাছা পরিষ্কার করা যায়, গাছ বেশি আলো বাতাস পায়

এরপর পৃষ্ঠা ৫ কলাম ৩

## আমনে সেচ নিশ্চিতকরণে আন্তঃ মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত



সচিবালয়ে ভারুয়ালি সভায় বক্তব্য রাখছেন সম্মানিত সচিব মোঃ সায়েদুল ইসলাম কৃষি মন্ত্রণালয়

চলমান আমন মৌসুমে প্রয়োজনীয় সেচ নিশ্চিতকরণের জন্য রাত ১২টা থেকে ভোর ৬টা পর্যন্ত নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা হবে বলে জানিয়েছেন কৃষিসচিব মোঃ সায়েদুল ইসলাম। এছাড়া সেচের প্রয়োজনে নতুন বিদ্যুৎ সংযোগ প্রয়োজন হলে পল্লী বিদ্যুতায়ন বোর্ড ২৪ ঘণ্টার মধ্যে তা নিশ্চিত করবে বলে জানান তিনি। ২৩ আগস্ট, ২০২২ মঙ্গলবার বিকালে সচিবালয়ে ভারুয়ালি 'আমন মৌসুমে প্রয়োজনীয় সেচ নিশ্চিতকরণে'

করণীয় বিষয়ক সভা শেষে কৃষিসচিব এ কথা বলেন। সভায় বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়, পানিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, পানি উন্নয়ন বোর্ড, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের প্রতিনিধি, কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সার ব্যবস্থাপনা ও উপকরণ) বলাই কৃষ্ণ হাজারা, অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) রবীন্দ্রশী বড়ুয়া, বিএডিসির চেয়ারম্যান, এরপর পৃষ্ঠা ৫ কলাম ৩

## বঙ্গবন্ধু সবসময় বাংলাদেশের মানুষের অর্থনৈতিক

প্রথম পাতার পর

বলেছেন, এ দেশের কৃষক সবসময়ই বঞ্চিত, তারা হাড়ভাঙ্গা পরিশ্রম করে, রক্ত ঘাম বারায় সোনালী ফসলে রূপান্তর করে। তিনি ২৪ আগস্ট ২০২২ সকালে যশোরের পিটিআই অডিটোরিয়ামে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) আয়োজিত বিদ্যমান শস্যবিন্যাসে তেল ফসলের অন্তর্ভুক্তি এবং ধানের অধিক ফলনশীল উৎপাদন বৃদ্ধি শীর্ষক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যকালে এ কথা বলেন।

কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক আঃ গাফফার খান, বারি'র মহাপরিচালক দেবাশীষ সরকার, যশোরের জেলা প্রশাসক তমিজুল ইসলাম খান ও পুলিশ সুপার প্রলয় কুমার জোয়াদ্দার প্রমুখ। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন, ব্রি'র মহাপরিচালক ড. মোঃ শাহ-জাহান কবীর। অনুষ্ঠানে কৃষি তথ্য সার্ভিসের পরিচালক কৃষিবিদ সুরজিত সাহা রায়সহ যশোর ও ফরিদপুর অঞ্চলের অতিরিক্ত পরিচালক, জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তা, আঞ্চলিক বেতার কৃষি অফিসার, উপসহকারী কৃষি কর্মকর্তা ও কৃষক/কৃষানি অংশগ্রহণ করেন। এতে কৃষি তথ্য সার্ভিস নির্মিত তেল ফসলের উপর ডকুমেন্টরি প্রদর্শিত হয়।

কৃষিবিদ শারমিনা শামিম, কৃতসা, খুলনা

## বরিশালে চলমান আমন ফসল বিষয়ক কৃষি কর্মকর্তাদের মতবিনিময় সভা অনুষ্ঠিত

বরিশালে সার, সেচ ও চলমান আমন ফসলের উৎপাদন বিষয়ক কৃষি কর্মকর্তাদের মতবিনিময় সভা ৪ সেপ্টেম্বর ২০২২ নগরীর খামারবাড়ির কৃষি তথ্য সার্ভিসের হলরুমে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্যোগে আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন

জন্য কৃষকদের পরামর্শ দিতে হবে। আর তা বাস্তবায়ন হলে আমাদের উৎপাদন অবশ্যই আশানুরূপ হবে। মতবিনিময় সভায় বরিশাল অঞ্চলের বিভিন্ন পর্যায়ের অর্ধশতাধিক কর্মকর্তা অংশগ্রহণ করেন। বরিশালের উপপরিচালক মো. হারুন-অর-রশীদ এর সভাপতিত্বে



আয়োজক প্রতিষ্ঠানের অতিরিক্ত পরিচালক হুদয়েশ্বর দত্ত।

প্রধান অতিথি বলেন, আমন ধান বরিশাল অঞ্চলের প্রধান দানাফসল। তাই এর গুরুত্ব অপরিসীম। চাষাবাদে যেন সমস্যা না হয়, সে জন্য মাঠ পর্যায়ে রাখতে হবে সর্বোচ্চ নজরদারি। সুষ্ঠু সার প্রয়োগ, যত্ন-আত্তি এবং বালাই ব্যবস্থাপনার

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ঝালকাঠির উপপরিচালক মো. মনিরুল ইসলাম, পটুয়াখালীর জেলা প্রশিক্ষণ অফিসার মো. খায়রুল ইসলাম মল্লিক, বরিশাল সদরের উপজেলা কৃষি অফিসার মোসা. ফাহিমা হক, বাউফল উপজেলার কৃষি সম্প্রসারণ অফিসার মো. কামরুল হাসান প্রমুখ।

নাহিদ বিন রফিক, কুতসা, বরিশাল

## পুষ্টি কর্নার : মাল্টা



ভিটামিন 'সি' সমৃদ্ধ ফল মাল্টা। খাদ্যোপযোগি প্রতি ১০০ গ্রাম মাল্টায় জলীয় অংশ ৮০-৯০ গ্রাম, হজমযোগ্য আঁশ ০.৫ গ্রাম, খাদ্যশক্তি ২০০ কিলোক্যালরি, আমিষ ০.৭-১.৩ গ্রাম, চর্বি ০.১-০.৩ গ্রাম, শর্করা ১২ গ্রাম, ক্যালসিয়াম ৪০ মিলিগ্রাম, লৌহ ০.৮ মিলিগ্রাম, ক্যারোটিন ২০০ মিলিগ্রাম, ভিটামিন বি ১ ০.১১৩ মিলিগ্রাম, ভিটামিন বি ২ ০.০৪৬ মিলিগ্রাম ও ভিটামিন 'সি' ৪৫-৬১ মিলিগ্রাম পুষ্টি উপাদান রয়েছে। ফলের খোসা থেকে প্রসাধনী ও গুণ্ড শিল্পে ব্যবহার্য অত্যাবশ্যকীয় তেল প্রস্তুত করা যায়। মাল্টা সর্দিজ্বর নিরাময়ে উপকারী। বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক ছাড়কৃত জনপ্রিয় জাত হলো 'বারি মাল্টা-১'। বৃহত্তর সিলেট, চট্টগ্রাম, পার্বত্য চট্টগ্রাম ও পঞ্চগড়সহ দেশের সব অঞ্চল মাল্টা চাষের উপযোগী।

সংকলন- কৃষিবিদ মোহাম্মদ মারুফ, কুতসা, ঢাকা

## আমনে সেচ নিশ্চিতকরণে আন্তঃমন্ত্রণালয় সভা

চতুর্থ পাতার পর

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক, ধান গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক এবং মাঠ পর্যায়ের কর্মকর্তারা সংযুক্ত ছিলেন। সভায় কৃষিসচিব বলেন, এবার আমনে আবাদে লক্ষ্যমাত্রা ৫৯ লাখ হেক্টর, যার মধ্যে ইতোমধ্যে ৪৭ লাখ হেক্টরে আবাদ হয়েছে। যা লক্ষ্যমাত্রার ৭০% ও সন্তোষজনক। বিশেষ করে রাজশাহী ও রংপুর বিভাগে লক্ষ্যমাত্রার ৯৮% অর্জিত হয়েছে। এ মাসের মধ্যে যাতে লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন করা যায় এবং রোপণের পর অন্তত ৩০ দিন যাতে সেচ নিশ্চিত করা যায়, সে লক্ষ্যেই আলোচনা হয়েছে। এ সিদ্ধান্তগুলো বাস্তবায়ন করতে পারলে আমনের ক্ষতি পোষাতে পারব। আমরা কৃষকের সাথে থেকে, পাশে থেকে কাজ করে যাচ্ছি যাতে করে খাদ্য নিরাপত্তা অক্ষুণ্ণ রাখতে পারি। আলোচনা সভায় চলমান আমন মৌসুমে প্রয়োজনীয় সেচ নিশ্চিতকরণের গৃহীত সিদ্ধান্তসমূহ-১) রাত ১২টা থেকে ভোর ৬টা পর্যন্ত নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করবে বিদ্যুৎ বিভাগ, ২) সেচের প্রয়োজনে নতুন বিদ্যুৎ সংযোগ প্রয়োজন হলে

পল্লী বিদ্যুতায়ন বোর্ড ২৪ ঘণ্টার মধ্যে তা নিশ্চিত করবে। বিদ্যুৎ উন্নয়ন বোর্ডসহ অন্যান্যও এক্ষেত্রে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে, ৩) সেচের সুবিধার্থে পানি উন্নয়ন বোর্ড তাদের বৃহৎ সেচ প্রকল্পগুলো চালু করেছে। অন্যগুলোও

চলমান আমন মৌসুমে প্রয়োজনীয় সেচ নিশ্চিতকরণের জন্য রাত ১২টা থেকে ভোর ০৬টা পর্যন্ত নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা হবে

শিগগিরই চালু করবে, ৪) উপজেলা সেচ কমিটি দ্রুত মিটিং করে সেচের প্রয়োজনীয়তার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবে এবং সে অনুযায়ী সেচের ব্যবস্থা করা হবে। ৫) আমনে বাড়তি সেচের জন্য কৃষকদের অতিরিক্ত খরচের বিষয়ে নগদ সহায়তা প্রদানের বিষয়টি কৃষি মন্ত্রণালয় বিবেচনা করছে। ৬) বৃষ্টির অভাবে যারা ধানের চারা উৎপাদন করতে পারেনি, তাদেরকে কৃষি মন্ত্রণালয় হতে বিনামূল্যে চারা প্রদান করা হবে।

প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়

## শ্রীনগর উপজেলায় কৃষকদের মাঝে কৃষি

চতুর্থ পাতার পর



কৃষি উপকরণ বিতরণ করছেন প্রধান অতিথি কৃষিবিদ এস এম সোহরাব উদ্দিন অতিরিক্ত পরিচালক, ডিএই, ঢাকা অঞ্চল

এবং সর্বোপরি উৎপাদন বাড়ে। টিলার চালনা এবং ব্যবহারজনিত সকল ব্যবস্থাপনা কৃষক গ্রুপকে করার পরামর্শ দেন।

কৃষি উপকরণ বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঢাকা অঞ্চলের কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বিভিন্ন কর্মকর্তা, কৃষক প্রমুখ। উল্লেখ্য,

সাতগাঁও পূর্বপাড়া কৃষক দলকে একটি পাওয়ার টিলার অপারেটেড সিডার (ধান, গম, ভুট্টা, সূর্যমুখীসহ ডালজাতীয় শস্যেও বীজ লাইনে বপনের যন্ত্র) বিতরণ করা হয়। উক্ত পাওয়ার টিলারটি ৩০ জন কৃষকের একটি গ্রুপ গঠন করে গ্রুপে সকল কৃষকদের মাঝে বিতরণ করা হয়।

অপর্ণা বড়ুয়া, কুতসা, ঢাকা

## বঙ্গবন্ধু জাতীয় কৃষি পদকপ্রাপ্ত পরিষদের প্রথম বার্ষিক সাধারণসভা ২০২২ অনুষ্ঠিত

আ.কা.মু. গিয়াসউদ্দিন মিল্কী সম্মেলন কক্ষে বঙ্গবন্ধু জাতীয় কৃষি পদকপ্রাপ্ত পরিষদ, বাংলাদেশ এর প্রথম বার্ষিক সাধারণ সভা ২০২২ রবিবার ১৪ আগস্ট ২০২২ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বঙ্গবন্ধু জাতীয় কৃষি পদকপ্রাপ্ত পরিষদ, বাংলাদেশ এর সভাপতি বিভূতিভূষণ সরকার। এছাড়াও মঞ্চে আরও উপস্থিত ছিলেন পরিষদের সিনিয়র সহ-সভাপতি উপপরিচালক (বীজ



সভায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন কৃষিবিদ ড. মোঃ হামিদুর রহমান, সদস্য, এপিএ পুল, কৃষি মন্ত্রণালয় ও প্রাক্তন মহাপরিচালক, ডিএই

ছিলেন কৃষিবিদ ড. মোঃ হামিদুর রহমান, কৃষি মন্ত্রণালয়ের এপিএ পুলের সম্মানিত সদস্য ও প্রাক্তন মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক মোঃ বেনজীর আলম, বাংলাদেশ ট্রপ প্রটেকশন অ্যাসোসিয়েশন এর চেয়ারম্যান মোঃ সাইদুজ্জামান, এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর সরেজমিন বিভাগের পরিচালক মোঃ হাবিবুর রহমান।

প্রত্যয়ন) কৃষিবিদ শেখ মোঃ মুজাহিদ নোমানী, অবঃপ্রাপ্ত অতিরিক্ত পরিচালক, সহসভাপতির মৃত্যুঞ্জয় রায় এবং বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মোঃ ওমর আলী। সারা বাংলাদেশের বিভিন্ন জেলা-উপজেলা হতে আগত কেন্দ্রীয় নেতৃবৃন্দসহ শতাধিক সম্মানিত সদস্যবৃন্দ স্বতঃস্ফূর্তভাবে পরিষদের প্রথম বার্ষিক সাধারণ সভা ২০২২ এ অংশগ্রহণ করেন।

কৃষিবিদ শেখ মোঃ মুজাহিদ নোমানী, পরিষদের সিনিয়র সহসভাপতি

## ভাসমান কৃষির আধুনিক প্রযুক্তিবিষয়ক প্রশিক্ষণ ও কৃষক সমাবেশ অনুষ্ঠিত

কিশোরগঞ্জ জেলার সরেজমিন গবেষণা বিভাগ, বিএআরআই এর আয়োজনে ভাসমান কৃষির আধুনিক প্রযুক্তির উপর প্রশিক্ষণ ও কৃষক সমাবেশ ২৭ আগস্ট ২০২২ অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ সায়েদুল ইসলাম, সচিব, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. দেবাশীষ সরকার, মহাপরিচালক, বাংলাদেশ

কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর, জনাব এস এম সোহরাব হোসেন, অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা অঞ্চল। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ড. অপূর্ব কান্তি চৌধুরী, পরিচালক (পরিবহন ও মূল্যায়ন উইং) বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট।

প্রধান অতিথি বক্তব্যে বলেন কোন জমিই অনাবাদি পড়ে থাকবে না। তারই ধারাবাহিকতায় ভাসমান বেডে

এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩

## সারের মজুদ পর্যাণ্ড; সার নিয়ে বিভ্রান্ত না হওয়ায়

শেষ পাতার পর

ও উপকরণ) বলাই কৃষি হাজরা, অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) রবীন্দ্রশী বড়ুয়া, বিএডিসির চেয়ারম্যান, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক, বিসিআইসির চেয়ারম্যান, সকল জেলা প্রশাসক, সারা দেশের মাঠ পর্যায়ের কৃষি বিভাগের কর্মকর্তারা সংযুক্ত ছিলেন।

সভায় জেলা প্রশাসকগণ ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালকবৃন্দ সারের সার্বিক পরিস্থিতি তুলে ধরেন। তারা জানান, মাঠপর্যায়ে পর্যাপ্ত সার রয়েছে। সারের কোন সংকট নেই। তবে সারের দাম বাড়বে বলে গুজব ও কোন কোন জায়গায় বিভ্রান্তিকর তথ্যের কারণে সারের বিষয়ে প্রায়শই গণমাধ্যমে খবর প্রকাশিত হচ্ছে। এছাড়া, কৃষকের মধ্যেও সার মজুদের প্রবণতা লক্ষ করা যাচ্ছে।

সভায় সারের কারসাজি রোধে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের কতিপয় নির্দেশনা দেয়া হয়। এগুলো হলো: রশিদ ছাড়া যেন সার বিক্রি না হয় তা নিশ্চিত করা। ডিলার ও খুচরা বিক্রেতার দোকানে লালসালুতে বা ডিজিটালি সারের মূল্য তালিকা টানিয়ে রাখা নিশ্চিত করা। খুচরা বিক্রেতাদের নিকট সার সরবরাহ নিশ্চিত করা। কৃষককে যেন লাইনে দাঁড়িয়ে স্লিপ দিয়ে সার কিনতে না হয় তা নিশ্চিত করতে হবে। ডিলারের গুদাম ভিজিট করে সারের অ্যারাইভাল নিশ্চিত করতে হবে ও

ট্রাক চালানোর সাথে তা যাচাই করে দেখতে হবে। জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসনের সাথে কৃষি বিভাগ নিবিড় যোগাযোগ রক্ষা করবে এবং নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। এছাড়া, কৃষি মন্ত্রণালয় হতে সার বরাদ্দের সাথে সাথেই বিসিআইসি হতে সার উত্তোলনের অনুমতি দেয়ার জন্য বিসিআইসি চেয়ারম্যানকে পরামর্শ প্রদান করা হয়।

সভায় জানানো হয়, চাহিদার বিপরীতে দেশে সব রকমের সারের পর্যাপ্ত মজুদ রয়েছে। বর্তমানে (০৭ সেপ্টেম্বর ২০২২) ইউরিয়া সারের মজুদ ৬ লাখ ৪১ হাজার মেট্রিক টন, টিএসপি ৪ লাখ ১৫ হাজার টন, ডিএপি ৯ লাখ ০৪ হাজার টন, এমওপি ২ লাখ ৪৬ হাজার টন। সারের বর্তমান মজুদের বিপরীতে সেপ্টেম্বর থেকে অক্টোবর মাস পর্যন্ত সারের চাহিদা হলো ইউরিয়া ৩ লাখ ৫০ হাজার টন, টিএসপি ৯৬ হাজার টন, ডিএপি ২ লাখ ১৯ হাজার টন, এমওপি ১ লাখ ২১ হাজার টন।

বিগত বছরের একই সময়ের তুলনায়ও সারের বর্তমান মজুদ বেশি। বিগত বছরে এই সময়ে ইউরিয়া সারের মজুদ ছিল ৫ লাখ ৯৯ হাজার মেট্রিক টন, টিএসপি ২ লাখ ১৩ হাজার টন, ডিএপি ৬ লাখ ৭৩ হাজার টন এবং এমওপি ১ লাখ ৮১ হাজার টন।

প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়

## জাতীয় শোক দিবস উপলক্ষ্যে দোয়া ও আলোচনা সভায় মাননীয় কৃষিমন্ত্রী

শেষ পাতার পর

মাননীয় মন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি। কৃষি মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ সায়েদুল ইসলাম এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. শেখ মোহাম্মদ বখতিয়ার নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল। সভায় সম্মানিত আলোচকবৃন্দ ছিলেন জনাব মোঃ বেনজীর আলম, মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ

অধিদপ্তর, জনাব এএফএম হয়াতুল্লাহ, চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন।

কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব ওয়াহিদা আক্তার, সভায় স্বাগত বক্তব্য রাখেন। এছাড়াও সভায় উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের দপ্তর ও সংস্থার প্রধানগণ, ও বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ প্রমুখ।

প্রেস বিজ্ঞপ্তি, কৃতসা, ঢাকা

## নাটোর সদরে ব্রি হাইব্রিড ধান-৭ জাতের শস্যকর্তন ও কৃষক সমাবেশ

নাটোর জেলার সদর উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্যোগে কসবা, পীরগঞ্জ বাজারে আউশ ধানের ব্রি হাইব্রিড ধান-৭ জাতের আউশ ধানকর্তন ও সমাবেশ ৩০ আগস্ট ২০২২ অনুষ্ঠিত হয়। আউশ ধানকর্তন ও কৃষক সমাবেশ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী জেলার কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ জনাব মুহাম্মদ নজরুল ইসলাম। বিশেষ অতিথি

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জেলা প্রশিক্ষণ অফিসার কৃষিবিদ জনাব মোঃ ইয়াছিন আলী, নাটোর সদর উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ জনাব মোঃ মেহেদুল ইসলাম এবং সিংড়া উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ মোঃ সেলিম রেজা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নাটোর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক কৃষিবিদ জনাব মোঃ আব্দুল ওয়াদুদ। কাফুরিয়া ইউনিয়নের কসবা গ্রামের



ছিলেন বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের পিএসও কৃষিবিদ ড. মোঃ ফজলুল ইসলাম ও উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা কৃষিবিদ ড. মোঃ হারুন-অর-রশিদ এবং নাটোর জেলা

কৃষকেরা আউশ ব্রি হাইব্রিড ধান-৭ জাতের আউশ ধানকর্তন করেন। কর্তন শেষে মাড়াই-ঝাড়াই করে ধানের বিঘাপ্রতি প্রায় ১৮.৫ মন ফলন পাওয়া যায়।

কৃষিবিদ মোঃ আব্দুল্লাহ-হিল-কাফি, তসা, রাজশাহী

## বোরোতে ডিজলে ভর্তুকি দেয়ার বিষয়টি

শেষ পাতার পর

হওয়ার জন্য আমন উৎপাদন ব্যাহত হলে কৃষকের উপর এর প্রভাব পড়বে। মাননীয় কৃষিমন্ত্রী আরো বলেন, খাদ্যের জন্য আমরা কারো উপর নির্ভরশীল হতে চাই না। কারণ আন্তর্জাতিক বাজারে খাদ্যের দাম বাড়লে বা বাজার অস্থিতিশীল থাকলে টাকা বা ডলার থাকা সত্ত্বেও খাদ্য পাওয়ার নিশ্চয়তা থাকবে না। সেজন্য, আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ থাকতে চাই। সে লক্ষ্যেই বর্তমান সরকার কাজ করছে।

খাদ্য নিরাপত্তায় 'টেকসই সেচ ব্যবস্থাপনা' গড়ে তুলতে গুরুত্বারোপ করা হচ্ছে জানিয়ে মাননীয় কৃষিমন্ত্রী বলেন, আমরা ভূগর্ভস্থ ও ভূউপরিষ্ক পানির টেকসই ব্যবস্থাপনায় কাজ করে যাচ্ছি। একদিকে সেচকাজে ভূউপরিষ্ক পানির ব্যবহার বৃদ্ধিতে

কাজ চলছে, অন্যদিকে বারিড পাইপ (ভূগর্ভস্থ পাইপ) ব্যবহার করে সেচদক্ষতা বৃদ্ধি করা হচ্ছে।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বাংলাদেশে নিযুক্ত অস্ট্রেলিয়া হাইকমিশনের ডেপুটি হাইকমিশনার নাদরিয়া সিম্পসন। গবেষণার সারসংক্ষেপ তুলে ধরেন সিএস আইআরও বিশেষজ্ঞ ড. মোহাম্মদ মাইনুদ্দিন। সভাপতিত্ব করেন আই-ডব্লিউএমের নির্বাহী পরিচালক আবু সালেহ খান। এসময় ইমেরিটাস অধ্যাপক সান্তার মণ্ডল, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক দেবশীষ সরকার, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন প্রকল্পের নির্বাহী পরিচালক মোঃ আব্দুর রশিদসহ সংশ্লিষ্ট বিষয়ে অন্যান্য বিশেষজ্ঞগণ বক্তব্য উপস্থাপন করেন।

প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়

## ভাসমান কৃষির আধুনিক প্রযুক্তিবিষয়ক প্রশিক্ষণ

৬ষ্ঠ পাতার পর



অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ সাইদুল ইসলাম সচিব, কৃষি মন্ত্রণালয়

সবজি চাষ একটি আধুনিক যুগোপযোগী প্রযুক্তি। হাওর অঞ্চলে ভাসমান বেডে সবজি চাষ আরো বাড়তে হবে। তিনি বলেন বর্তমানে দেশে সারের কোন ঘাটতি নেই। কেননা সরকার সারের উপর প্রচুর ভর্তুকি দিচ্ছে। হাওর অঞ্চলের জমিকে এক ফসলি হতে দুই ও তিন ফসলি জমিতে রূপান্তরিত করতে হবে। বারি উদ্ভাবিত আধুনিক কৃষি যন্ত্রপাতির ব্যবহার বাড়তে হবে। বর্তমানে খোরপোশের কৃষি থেকে আধুনিকীকরণ, যান্ত্রিকীকরণ ও

বাণিজ্যিকীকরণে লক্ষ্যেই আমরা কাজ করে যাচ্ছি।

উক্ত অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কৃষিবিদ মোস্তাফিজুর রহমান, প্রকল্প পরিচালক, ভাসমান বেডে সবজি ও মসলা চাষ গবেষণা, সম্প্রসারণ ও জনপ্রিয়করণ প্রকল্প। এছাড়াও অনুষ্ঠানে কৃষি মন্ত্রণালয়ে বিভিন্ন দপ্তর সংস্থার জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ, কৃষক-কৃষানী, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

মোঃ খোরশেদ আলম, কৃতসা, ময়মনসিংহ

## সরকার চেষ্টা করছে একটি মানুষও যাতে খাদ্যের

প্রথম পাতার পর

১৫ টাকা কেজিতে চাল, ওএমএসে ৩০ টাকা কেজিতে চাল বিক্রি করা হচ্ছে। এর ফলে চালসহ বিভিন্ন জিনিসের দাম কমা শুরু হয়েছে। অন্যদিকে সীমিতআয়ের শ্রমজীবী মানুষের কষ্ট কিছুটা কমছে।

০৬ সেপ্টেম্বর ২০২২ মঙ্গলবার বিকালে রাজধানীর ফার্মগেটে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) মিলনায়তনে বাংলাদেশে অন্তর্ভুক্তমূলক ও টেকসই কৃষি উন্নয়নশীর্ষক সেমিনারের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মাননীয় কৃষিমন্ত্রী এসব কথা বলেন। বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতি তাদের ১৭তম জাতীয় সম্মেলন উপলক্ষে এ অনুষ্ঠানের আয়োজন করে। মাননীয় কৃষিমন্ত্রী বলেন, দেশের

অর্থনীতি ভাল অবস্থানে আছে, আতঙ্কিত হওয়ার কিছু নেই। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে সরকার সাধ্যমত চেষ্টা করছে। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বন, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন বিষয়ক মন্ত্রী মো. শাহাব উদ্দিন। বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির সভাপতি ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের সাবেক সিনিয়র সচিব সাজ্জাদুল হাসানের সভাপতিত্বে কৃষি মন্ত্রণালয়ের সাবেক সিনিয়র সচিব মোঃ মেসবাহুল ইসলাম, সমিতির মহাসচিব অধ্যাপক মিজানুল হক কাজল প্রমুখ বক্তব্য রাখেন। দুই দিনব্যাপী সেমিনারের সারমর্ম উপস্থাপন করেন অধ্যাপক মিহির কুমার রায় ও অধ্যাপক জাহাঙ্গীর আলম।

প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়

## বোরোতে ডিজলে ভর্তুকি দেয়ার বিষয়টি বিবেচনা করা হচ্ছে : মাননীয় কৃষিমন্ত্রী



রাজধানীর মহাখালীতে ব্র্যাক সেন্টার সম্মেলন কক্ষে অনুষ্ঠিত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি

বোরো মৌসুমে ডিজলে কৃষকদের ভর্তুকি দেয়ার বিষয়টি সরকার গভীরভাবে বিবেচনা করছে বলে জানিয়েছেন মাননীয় কৃষিমন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি। তিনি বলেন, রাশিয়া- ইউক্রেন যুদ্ধ বন্ধ না হলে এবং আন্তর্জাতিক বাজারে

ডিজলের দাম না কমলে ডিজলেও আমাদের কিছু একটা করতে হবে, যাতে কৃষকের উৎপাদন খরচ কমে। বর্তমানে ডিজেলের দাম অনেক বেশি। এতে বোরো মৌসুমে উৎপাদন খরচ বেড়ে যাবে। আমরা সারে যেমন ভর্তুকি দেই, তেমনি বোরোতে প্রয়োজনে ডিজলে ভর্তুকি দেয়া হবে।

সরকার গভীরভাবে এ বিষয়টি বিবেচনা করছে। ১ সেপ্টেম্বর ২০২২ বৃহস্পতিবার সকালে রাজধানীর মহাখালীতে ব্র্যাক সেন্টার সম্মেলন কক্ষে বাংলাদেশের উত্তর-পশ্চিমাঞ্চলে 'খাদ্য নিরাপত্তায় ভূগর্ভস্থ পানির টেকসই ব্যবস্থাপনা' শীর্ষক গবেষণা প্রকল্পের ওপর কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে

মাননীয় কৃষিমন্ত্রী এসব কথা বলেন। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ও অস্ট্রেলিয়ার কমনওয়েলথ সায়েন্টিফিক এন্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চ অর্গানাইজেশন এর সহযোগিতায় ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং এ কর্মশালায় আয়োজন করে। মাননীয় কৃষিমন্ত্রী বলেন, অনা বৃষ্টির জন্য আমন রোপণ ব্যাহত হচ্ছে। এখন বৃষ্টির মৌসুম, সাধারণ নিয়ম অনুযায়ী বৃষ্টি হওয়ার কথা, কিন্তু হচ্ছেনা; এটাই আমাদের জন্যে কনসার্ন। প্রত্যেক দিনই আমরা ভাবছি বৃষ্টি হবে, কিন্তু হচ্ছেনা। বৃষ্টি না হলে হয়তো আমনের উৎপাদন কম হবে। অন্যদিকে আমনের টাকা দিয়ে কৃষকেরা অনেক সময় বোরোতে বিনিয়োগ করে। সার, ডিজেল কিনে ও সেচ খরচসহ অন্যান্য খরচ মেটায়। কাজেই, বৃষ্টি না

এরপর পৃষ্ঠা ৭ কলাম ১

## জাতীয় শোক দিবস উপলক্ষ্যে দোয়া ও আলোচনা সভায় মাননীয় কৃষিমন্ত্রী



সভায় বক্তব্য রাখছেন প্রধান অতিথি মাননীয় মন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি, কৃষি মন্ত্রণালয়

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭তম শাহাদতবার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে কৃষি মন্ত্রণালয়ের উদ্যোগে ১৭ আগস্ট ২০২২ বাংলাদেশ কৃষি

গবেষণা কাউন্সিল মিলনায়তন, কৃষি খামার সড়ক, ফার্মগেট ঢাকাতে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের

এরপর পৃষ্ঠা ৬ কলাম ৩

## সারের মজুদ পর্যাণ্ডসার নিয়ে বিভ্রান্ত না হওয়ার আহ্বান কৃষিসচিবের



সচিবালয়ে ভার্সুয়ালি সভায় বক্তব্য রাখছেন সম্মানিত সচিব জনাব মোঃ সায়েদুল ইসলাম কৃষি মন্ত্রণালয়

সার নিয়ে কৃষকদের বিভ্রান্ত না হওয়ায় আহ্বান জানিয়েছেন কৃষিসচিব মোঃ সায়েদুল ইসলাম। তিনি বলেন, দেশে পর্যাণ্ড সার মজুদ রয়েছে। গুজবে কান দিয়ে বিভ্রান্ত হওয়া যাবে না। ০৭

সেপ্টেম্বর ২০২২ বুধবার বিকালে সচিবালয়ে ভার্সুয়ালি 'সার্বিক সার ও সেচ পরিস্থিতি পর্যালোচনা' সভায় কৃষি সচিব এসব কথা বলেন। সভায় কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব

এরপর পৃষ্ঠা ৬ কলাম ৩

সম্পাদক : কৃষিবিদ ফেরদৌসী বেগম

কৃষি তথ্য সার্ভিসের অফসেট প্রেসে মুদ্রিত ও প্রেস ম্যানেজার কৃষিবিদ খন্দকার জান্নাতুল ফেরদৌস কর্তৃক প্রকাশিত, গ্রাফিক্স ডিজাইন : মনোয়ারা খাতুন

ফোন : ০২৫৫০২৮২৬০. ইমেইল : dirais@ais.gov.bd, editor@ais.gov.bd ওয়েবসাইট : www.ais.gov.bd